

দৈনিক
ইত্তেফাক

প্রতিদিন তারিখের হোসেন মালিক দ্বাৰা

চসিকের বইমেলা গুণগত সাফল্য অর্জন করেছে ----- শিক্ষা উপমন্ত্রী

প্রকাশ : ০১ মার্চ ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 চট্টগ্রাম অফিস

শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেছেন, চট্টগ্রামে অভিন্ন বইমেলা আয়োজন করার মাধ্যমে চট্টগ্রাম সিটি করপোরেশন এ বছর একটি গুণগত সাফল্য অর্জন করেছেন। যা আমাদের জ্ঞাননির্ভর অর্থনৈতিক ব্যাপক অবদান রাখবে। গতকাল বৃহস্পতিবার এমএ আজিজ স্টেডিয়ামের জিমনেসিয়ামে অমর একুশে বইমেলার সমাপনী অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী এসব কথা বলেন। চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক) ও সৃজনশীল প্রকাশক পরিষদ ১৯ দিনব্যাপী এ বইমেলার আয়োজন করে। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু কল্যাঞ্চ জননেত্রী শেখ হাসিনা দায়িত্ব নেওয়ার পর চট্টগ্রাম, তৎসংলগ্ন অঞ্চলসহ সারা বাংলাদেশে অনেক অবকাঠামোগত উন্নয়ন হচ্ছে। কিন্তু সেই অবকাঠামোগত উন্নয়নের সঙ্গে পাল্লা দিয়ে আমাদের মনোজগতের উন্নয়ন হচ্ছে কিনা সেই বিষয়টি এখন ভাবতে হবে।

সভাপতির বক্তব্যে চসিক মেয়র আ জ ম নাহির উদ্দীন বলেন, আমাদের প্রত্যাশা পূরণ হয়েছে। আশাতীত সাড়া পেয়েছি। প্রকাশকদের আক্ষেপ, পাঠকের খরা দূর হয়েছে। এ বইমেলার পরিসর, কলেবর বাড়তে নীতিগত সিদ্ধান্ত নিয়েছি। আগামীতে এ মাঠের পাশের সড়কের দু'পাশেও বইয়ের স্টল করা হবে। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্রকাশক পরিষদের সভাপতি মুক্তিযোদ্ধা শাহ আলম নিপু, শিক্ষাবিদ হাসিনা জাকারিয়া, বইমেলার আহ্বায়ক নাজমুল হক ডিউক প্রমুখ।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ মেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।
